

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৩.২০২৪/৬০

তারিখ: ২৭ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ


**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব হিরাজ গাজী (২৫৬৮৯), প্রভাষক (অর্থনীতি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট ২০২৩ সালের বাগেরহাট সরকারি মহিলা কলেজ কেন্দ্রের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সঠিককালে শিক্ষা বোর্ডের বুটিনে উল্লিখিত দিন, তারিখ, বিষয় কোড ও সেট কোডের সাথে মিলিয়ে পরীক্ষার বিষয়সমূহের প্রতিটি ফয়েল প্যাকেটের গায়ের লেখা সম্বলিত বিষয় কোড, সেট কোড সম্পূর্ণ নিশ্চিত না হয়ে ১২/০৯/২০২৩ তারিখের জন্য নির্ধারিত জীববিজ্ঞান (তৃতীয়) ১ম পত্র (১৭৮) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের প্যাকেটের পরিবর্তে ১৪/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য জীববিজ্ঞান (তৃতীয়) ২য় পত্র (১৭৯) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের ফয়েল প্যাকেটের মুখ কাটার অভিযোগের বিষয়টি জেলা প্রশাসক, বাগেরহাট কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, পাবলিক পরীক্ষার মত স্পর্শকাতর বিষয়ে যথাযথভাবে গুরুত্ব না দেওয়া দায়িত্বপালনে চরম অবহেলার শামিল;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদস্ত আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দস্ত প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব হিরাজ গাজী (২৫৬৮৯)  
প্রভাষক (অর্থনীতি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট।

**বর্তমান ঠিকানা:**

জনাব হিরাজ গাজী (২৫৬৮৯)  
পিতা: মো: মকিত গাজী  
গ্রাম: হাড়িখালী, ডাকঘর: হাড়িখালী  
উপজেলা: তেরখাদা, জেলা: খুলনা।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব হিরাজ গাজী (২৫৬৮৯), প্রভাষক (অর্থনীতি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট এর বিরুদ্ধে ২০২৩ সালের বাগেরহাট সরকারি মহিলা কলেজ কেন্দ্রের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সর্টিংকালে শিক্ষা বোর্ডের রুটিনে উল্লিখিত দিন, তারিখ, বিষয় কোড ও সেট কোডের সাথে মিলিয়ে পরীক্ষার বিষয়সমূহের প্রতিটি ফয়েল প্যাকেটের গায়ের লেখা সম্বলিত বিষয় কোড, সেট কোড সম্পূর্ণ নিশ্চিত না হয়ে ১২/০৯/২০২৩ তারিখের জন্য নির্ধারিত জীববিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র (১৭৮) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের প্যাকেটের পরিবর্তে ১৪/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য জীববিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র (১৭৯) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের ফয়েল প্যাকেটের মুখ কাটার অভিযোগের বিষয়টি জেলা প্রশাসক, বাগেরহাট কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে; যা পাবলিক পরীক্ষার মত স্পর্শকাতর বিষয়ে যথাযথভাবে গুরুত্ব না দেওয়া দায়িত্বপালনে চরম অবহেলার শামিল;

জনাব হিরাজ গাজী (২৫৬৮৯), প্রভাষক (অর্থনীতি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।



(সোলেমান খান)

সচিব